



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০- ৪৬১

তারিখ: ১০/০৩/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: ষষ্ঠ থেকে নবম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে এ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা-২০২১।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারীর কারণে ১৮/০৩/২০২০ খ্রি. তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে ২০২১ শিক্ষাবর্ষের নির্ধারিত পাঠ্যসূচির কার্যক্রম বছরের শুরুরে আরম্ভ করা হয়ে ওঠেনি। এ কারণে শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে পুনর্বিন্যাস করে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখতে গত বছরের ন্যায় ২০২১ শিক্ষাবর্ষে ধারাবাহিকভাবে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। এই মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের অর্জিত শিখন ফলের সবলতা বা দুর্বলতা চিহ্নিত করে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে তাদের অর্জিত শিখনফল মূল্যায়ন করা হবে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে কোন সপ্তাহে শিক্ষার্থীর কী মূল্যায়ন করা হবে সে বিবেচনায় এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করা হয়েছে। প্রতি সপ্তাহ শুরুর দুইদিন পূর্বে মাউশি'র ওয়েবসাইটে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজগুলো দিয়ে দেওয়া হবে এবং সপ্তাহ শেষে শিক্ষার্থীরা তাদের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিয়ে (সরাসরি/অনলাইনে) নতুন এ্যাসাইনমেন্ট গ্রহণ করবে।

জেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের জন্য নির্দেশনা:

১. প্রতিটি প্রতিষ্ঠান সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করছেন কিনা তা নিশ্চিত করতে হবে;
২. এ মূল্যায়ন ২০ মার্চ ২০২১ থেকে প্রতিটি প্রতিষ্ঠানে কার্যকর করতে হবে;
৩. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে শিক্ষার্থী মূল্যায়নের যথার্থতা ও নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে হবে;
৪. মূল্যায়ন শেষে শিক্ষার্থীদের দুর্বল দিক চিহ্নিত করে শিক্ষকগণ সুনির্দিষ্ট মন্তব্য করছেন কিনা তা পরিবীক্ষণ করতে হবে;
৫. প্রতিটি প্রতিষ্ঠানের শ্রেণি ও বিষয়ভিত্তিক মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করতে হবে;
৬. এ কার্যক্রমে শিক্ষার্থী যেন কোনো অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ্য রাখতে হবে;
৭. এতদসংক্রান্ত কোনো স্পষ্টীকরণ প্রয়োজন হলে সহযোগিতা করতে হবে;
৮. ২০ মার্চ ২০২১ থেকে পর্যায়ক্রমে সপ্তাহ ভিত্তিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ছাড়া শিক্ষার্থীদের আর কোন ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ যেন দেওয়া না হয় তা নিশ্চিত করতে হবে;
৯. মূল্যায়ন বিষয়ক এ নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করতে হবে।

প্রতিষ্ঠান প্রধানগণের জন্য নির্দেশনা:

১. সর্বোপরি শিক্ষক, শিক্ষার্থী, ও অভিভাবকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে;
২. শিক্ষার্থী মূল্যায়ন কার্যক্রমে সকল বিষয়ভিত্তিক শিক্ষকসহ অন্যান্য শিক্ষক ও কর্মচারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ উক্ত মূল্যায়ন কার্যক্রমের কার্যকারিতা ও ফলপ্রসূতা যাচাইয়ে শিক্ষার্থী প্রদত্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ মূল্যায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ করবেন। সেজন্য এগুলো যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৪. কোনো শিক্ষার্থী যেন অনৈতিক কোনো চাপের মুখোমুখি না হয় তা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে কোনো স্থানীয় শিক্ষা কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে;
৫. ২০ মার্চ ২০২১ থেকে পর্যায়ক্রমে সপ্তাহ ভিত্তিক এ্যাসাইনমেন্ট প্রদান ও জমা নেওয়ার কাজ শুরু করতে হবে;
৬. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্ষেত্রে সরবরাহকৃত গ্রিড (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত) অনুসরণ করতে হবে;
৭. সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য প্রয়োজনে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা রাখার বক্স এর ব্যবস্থা করা যেতে পারে;
৮. সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য নির্দিষ্ট দিনে ও সময়ে শ্রেণিভিত্তিক এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা ও পরবর্তী কাজ বিতরণ করতে হবে;
৯. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে নকল করে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল করে পুনরায় সেই এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দেওয়ার নির্দেশ দিতে হবে;
১০. ২০ মার্চ ২০২১ থেকে পর্যায়ক্রমে সপ্তাহ ভিত্তিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ছাড়া শিক্ষার্থীদের আর কোন ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ যেন দেওয়া না হয় তা লক্ষ্য রাখতে হবে;
১১. এই নির্দেশনা শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে।

শিক্ষকের জন্য মূল্যায়ন নির্দেশনা:

১. প্রয়োজ্য ক্ষেত্রে প্রতি সপ্তাহে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত) দিতে হবে;
২. নির্ধারিত বিষয়সমূহের প্রস্তাবিত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা নেওয়া, মূল্যায়ন করা, মূল্যায়নকারীর মন্তব্যসহ শিক্ষার্থীদেরকে দেখানো এবং প্রতিষ্ঠানে সংরক্ষণের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;
৩. এই কার্যক্রমে প্রতিটি শিক্ষার্থীর অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে;
৪. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে সকল মূল্যায়ন রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৫. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের আওতায় ব্যাখ্যামূলক প্রশ্ন, নির্দেশনা অনুসরণ করে নিবন্ধ, রচনা, অনুচ্ছেদ লিখন, সাহিত্য পর্যালোচনা, কেইস স্টাডি, প্রজেক্ট, পরীক্ষণ, সারসংক্ষেপ, সারাংশ লিখন, মডেল, চার্ট, পোস্টার তৈরি, ছবি অংকন, প্রতিবেদন প্রণয়ন ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। এ্যাসাইনমেন্টের নির্দিষ্ট ধরনের জন্য নির্ধারিত মূল্যায়ন নির্দেশক/বুঝিঙ্গ অনুযায়ী এগুলোর মূল্যায়ন করতে হবে;
৬. শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সাদা কাগজে স্বহস্তে লিখে জমা দেওয়া নিশ্চিত করতে হবে;
৭. অভিভাবক বা তীর প্রতিনিধি স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতি সপ্তাহে একদিন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এ্যাসাইনমেন্ট সংগ্রহ করবেন এবং জমা দিবেন;
৮. শিক্ষার্থীর লেখায় তার মৌলিক চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা প্রতিফলিত হয়েছে কিনা শিক্ষক তা বিশেষভাবে লক্ষ্য করবেন;
৯. প্রদত্ত উত্তরে প্রয়োজনীয় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র, ব্যাখ্যা ইত্যাদি পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে;
১০. প্রত্যেক শিক্ষার্থীর প্রতিটি বিষয়ের প্রতিটি এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ মূল্যায়ন করে তার সবল/দুর্বল দিকগুলো খাতায় চিহ্নিত করতে হবে এবং এমনভাবে তীর মন্তব্য লিপিবদ্ধ করতে হবে যাতে শিক্ষার্থী তার সবল ও দুর্বল দিকগুলো স্পষ্টভাবে বুঝতে পারে;
১১. মূল্যায়ন করার পর শিক্ষক তীর মতামতসহ এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শিক্ষার্থীদের দেখানোর ব্যবস্থা করবেন এবং একটি নির্দিষ্ট সময় শেষে সেটি ফেরত এনে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন;
১২. শিক্ষক একটি এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের সামগ্রিক মূল্যায়নের উপর ভিত্তি করে অতি উত্তম, উত্তম, ভালো ও অগ্রগতি প্রয়োজন এরূপ মন্তব্য করবেন। মন্তব্য করার ক্ষেত্রে নির্দেশক বিবেচনার জন্য নিচে দেওয়া হলো:

ক. অতি উত্তম	১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক ২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ ৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা
খ. উত্তম	১. অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক ২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ ৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা
গ. ভালো	১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব ২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ ৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা
ঘ. অগ্রগতি প্রয়োজন	১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব ২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব ৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত


অভিভাবকগণের প্রতি পরামর্শ:

১. শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;
২. শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন অর্জন যাচাই এবং কোন্ কোন্ ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করা। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;
৩. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;
৪. শিক্ষার্থী যেন সময়মত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;
৫. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে হবহ লিখে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মত করে লেখার প্রতি উৎসাহিত করা।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:

১. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই এটি অনুসরণ করা জরুরি তা বিবেচনা করতে হবে;
২. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত ও প্রকাশিত ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করলেই চলবে;
৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে;
৪. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে। এতে হাতের লেখার যেমন অনুশীলন হবে তেমনি বিষয়টি বুঝতেও সুবিধা হবে;
৫. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে যে কোনো কাগজ ব্যবহার করলেই চলবে। এ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি, বিষয় ও এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।

গ্রিড ও এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ধারাবাহিকভাবে প্রতি সপ্তাহে মাউশির ওয়েবসাইটে প্রকাশ এবং জেলা শিক্ষা কর্মকর্তার ই-মেইলে প্রেরণ করা হবে। এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পর্কিত এ বিজ্ঞপ্তি নির্দেশক্রমে জারী করা হলো।


(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন : ৪১০৫০২৮৫
